অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/25/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

নিউ ইয়র্ক প্রথম বারের মতো 24 ঘণ্টার মধ্যে 200,000 ডোজ প্রদান করেছে গভর্নর কুওমো তা ঘোষণা দিয়েছেন

গত 24 ঘণ্টায় নিউ ইয়র্ক রাজ্য জুড়ে 202,123 ডোজ দেওয়া হয়েছে

গত সাত দিনে 1 মিলিয়নেরও বেশি ডোজ দেওয়া হয়েছে

স্টেটের টিকা কর্মসূচি সম্পর্কে আপডেট তথ্য প্রদান করতে টিকা ড্যাশবোর্ড প্রতিদিন আপডেট করা হবে;ny.gov/vaccinetracker এ যান

গভর্নর এন্ড্রু এম. কুওমো আজ ঘোষণা দিয়েছেন যে নিউ ইয়র্ক স্টেটে 24 ঘণ্টার মধ্যে প্রথমবারের মতো 200,000টি COVID-19 টিকার ডোজ প্রদান করা হয়েছে। গত 24 ঘণ্টায় নিউ ইয়র্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক জুড়ে 202,123টি ডোজ দেওয়া হয়েছে এবং গত সাত দিনে 1 মিলিয়নেরও বেশি ডোজ প্রদান করা হয়েছে। ফেডারেল সরকার থেকে সপ্তাহ 15 এর বরাদ্দ সরবরাহকারীদের কাছে পৌঁছে দেওয়ার প্রক্রিয়া চলছে।

"আমাদের নিবেদিত পেশাদার এবং স্বেচ্ছাসেবকদের ধন্যবাদ, আমরা একটি নতুন 24 ঘণ্টার রেকর্ড ছুতে পেরেছি এবং আমরা নিয়মিতভাবে প্রতি সপ্তাহে এক মিলিয়নেরও বেশি ডোজ প্রদান করছি - এবং আমরা দেশের প্রথম COVID মুক্ত স্টেট হওয়ার ব্যাপারে আত্মবিশ্বাসী," **গভর্নর কুওমো বলেন।** "যেহেতু আমরা বর্ণবাদী বৈষম্য দূর করার জন্য কঠিন সমাজে আমাদের প্রসার অব্যাহত রাখি, এটা জরুরি যে আমরা সবাই সামাজিক সেটিংসে নিরাপত্তা সতর্কতা অবলম্বন করছি এবং আমরা যোগ্য নিউ ইয়র্কবাসীদের এই টিকার জন্য নিবন্ধন করার আহ্বান জানাচ্ছি। আমরা যদি এই বিশাল পরিসরের অতিরিক্ত কার্যকলাপ টিকিয়ে রাখি তাহলে আমরা এই দানবটিকে পরাজিত করতে পারব এবং আমরা ভালো কিছু করতে পারব।"

নিউ ইয়র্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক ও যোগ্য ব্যক্তিদের বৃহৎ জনসংখ্যা ফেডারেল সরকার থেকে আসা টিকার সরবরাহের চেয়ে এখনো বহু গুণ বেশি। সীমিত সরবরাহের কারণে, নিউ ইয়র্কবাসীদের ধৈর্য ধরতে উৎসাহিত করা হচ্ছে এবং কোনো অ্যাপয়েন্টমেন্ট ছাড়া টিকাদান সাইটে উপস্থিত না হওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

কোমর্বিডিটি এবং অন্তর্নিহিত অবস্থাযুক্ত ব্যক্তিদের জন্য 'আমি কি যোগ্য' স্ক্রিনিং টুলটি আপডেট করা হয়েছে এবং তার সাথে পরবর্তী সপ্তাহগুলিতে রোলিং ভিত্তিতে নতুন অ্যাপয়েন্টমেন্ট প্রকাশ করা হবে। নিউ ইয়র্কবাসীরা নিম্নলিখিতগুলি ব্যবহার করতে পারেন তাদের যোগ্যতা দেখানোর জন্য:

- ডাক্তারের চিঠি, অথবা
- চিকিৎসা তথ্য যা কোমোরবিডিটির প্রমাণীকরণ করে, অথবা
- স্বাক্ষরিত প্রত্যয়করণ

নিচের টিকাদান কর্মসূচির সংখ্যাগুলি স্টেটের টিকাদান কর্মসূচির জন্য নিউ ইয়র্কে বণ্টন এবং বিতরণ করা ডোজের সংখ্যা এবং ফেডারেল সরকারের দীর্ঘমেয়াদী পরিচর্যার ফেসিলিটির কর্মসূচির (Long Term Care Facility program) জন্য সংরক্ষিত ডোজ অন্তর্ভুক্ত করে না। আজ সকাল 11টা পর্যন্ত নিউ ইয়র্ক স্টেটে রিপোর্ট করা সংখ্যাগুলির উপর ভিত্তি করে তথ্যগুলির বিশদ বিবরণ নিম্নরূপ:

রাজ্যব্যাপী বিশদ তথ্য
প্রদান করা মোট ডোজগুলি - 8,231,872
গত 24 ঘণ্টায় মোট 202,123 ডোজ প্রদান করা হয়েছে
গত 7 দিনে প্রদান করা মোট ডোজ - 1,110,028
নিউ ইয়র্কবাসীদের শতকরা পরিমাণ যারা অন্তত একটি টিকার ডোজ পেয়েছেন - 27.5%
নিউ ইয়র্কবাসীদের শতকরা পরিমাণ যারা সম্পূর্ণ টিকার ডোজ পেয়েছেন - 14.6%

	অন্তত একটি টিকার ডোজ নেওয়া ব্যক্তি		**সম্পূর্ণ টিকার সিরিজ সহ মানুষ**	
অঞ্চল	**ক্রমসঞ্চিত মোট**	**গত 24 ঘণ্টায় বৃদ্ধি**	**ক্রমসঞ্চিত মোট**	**গত 24 ঘণ্টায় বৃদ্ধি**
Capital Region	337,295	5,230	171,322	5,852
Central New York	294,222	3,470	167,583	4,387
Finger Lakes	348,149	7,076	173,450	5,283
Long Island	643,551	13,206	348,468	8,574
Mid-Hudson	546,113	13,857	258,584	6,792
Mohawk Valley	148,189	1,797	80,807	2,096
New York City	2,463,533	62,903	1,340,560	47,417
North Country	159,046	1,716	95,987	3,269
Southern Tier	188,374	4,188	96,827	2,449
Western New York	367,603	8,678	186,939	4,232
স্টেটজুড়ে/সমগ্র স্টেটে	5,496,075	122,121	2,920,527	90,351

	নিউ ইয়র্কের প্রদানকারীদের সম্পূর্ণভাবে 1ম ডোজ সরবরাহ করা হয়েছে	নিউ ইয়র্কের প্রদানকারীদের সম্পূর্ণভাবে 2য় ডোজগুলি সরবরাহ করা হয়েছে	মোট	ক্রমবর্ধমান
সপ্তাহ 1 ডোজ আসছে 12/14 – 12/20	163,650	0	163,650	163,650
সপ্তাহ 2 ডোজ আসছে 12/21 – 12/27	452,125	0	452,125	615,775
সপ্তাহ 3 আসন্ন ডোজগুলি 12/28 – 01/03	227,395	0	227,395	843,170
সপ্তাহ 4 ডোজ আসছে 01/04 – 01/10	239,025	165,150	404,175	1,247,345
সপ্তাহ 5 ডোজ আসছে 01/11 – 01/17	221,315	119,925	341,240	1,588,585
সপ্তাহ 6 ডোজ আসছে 01/18– 01/24	250,400	462,395	712,795	2,301,380
সপ্তাহ 7 ডোজ আসছে 01/25 – 01/31	260,150	239,525	499,675	2,801,055
সপ্তাহ 8 ডোজ আসছে 02/01 – 02/07	321,850	220,720	542,570	3,343,625
সপ্তাহ 9 ডোজ আসছে 02/8 – 02/14	320,000	244,500	564,500	3,908,125
সপ্তাহ 10 ডোজ আসছে 2/15 – 2/21	356,990	265,525	622,515	4,530,640

সপ্তাহ 11 ডোজ আসছে 2/22 – 2/28	393,530	305,780	699,310	5,229,950
সপ্তাহ 12 ডোজ আসছে 03/01 – 03/07	1,020,660	290,500	1,311,160	6,541,110
সপ্তাহ 13 এর ডোজ আসছে 03/08 – 03/14	618,880	526,415	1,145,295	7,686,405
সপ্তাহ 14 এর ডোজ আসছে 03/15 – 03/21	699,790	584,775	1,284,565	8,970,970

যে সকল নিউ ইয়র্কবাসী যোগ্যতা নির্ধারণ করতে এবং স্টেট পরিচালিত একটি গণ টিকাদান সাইটে অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে চান, তারা 'আমি কি যোগ্য (Am I Eligible)' ওয়েবসাইটি ভিজিট করতে পারেন। নিউ ইয়র্কবাসীগণ অতিরিক্ত তথ্যের জন্য এবং অ্যাপয়েন্টমেন্টের জন্য স্থানীয় স্বাস্থ্য বিভাগ, ফার্মেসি, ডাক্তার বা হাসপাতালে অথবা যেখানে টিকা উপলভ্য আছে সেখানে কল করতে পারেন।

COVID-19 টিকা ট্র্যাকার ড্যাশবোর্ড COVID-19 টিকা বিতরণ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদানের জন্য উপলভ্য। নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health) 24 ঘণ্টার মধ্যে সকল COVID-19 টিকা প্রদানের তথ্য রিপোর্ট করার জন্য টিকা প্রদানের ফ্যাসিলিটি প্রয়োজন; স্টেটের টিকাদান প্রচেষ্টার সবচেয়ে হালনাগাদকৃত মেট্রিক্স প্রতিফলিত করতে ড্যাশবোর্ডে টিকাদানের তথ্য প্রতিদিন আপডেট করা হয়।

যে সকল নিউ ইয়র্কবাসী টিকা বিতরণ প্রক্রিয়ায় জালিয়াতি সন্দেহ করেন তারা এখন 833-VAX-SCAM (833-829-7226) টোল-ফ্রি নম্বরে কল করতে পারেন অথবা STOPVAXFRAUD@health.ny.gov এ স্টেটের স্বাস্থ্য বিভাগকে ইমেল করতে পারেন। স্টেট পুরোপুরি যোগ্য জনগণকে টিকা দেওয়ার জন্য কাজ করে বলে নিউ ইয়র্ককারীদের সুবিধা নেওয়া হচ্ছে না তা নিশ্চিত করার জন্য হটলাইনের কর্মীরা উপযুক্ত তদন্তকারী এজেন্সিগুলিতে অভিযোগের দিকে নজর রাখবেন।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন